

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা
জরিপ শাখা
www.fisheries.gov.bd

আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.০০০.১২৫.০৬.০০২০.২১.২০

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২৪-২৫ অর্থ বছরের খাত ও প্রজাতি ভিত্তিক মৎস্য উৎপাদন সংক্রান্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, Yearbook of Fisheries Statistics of Bangladesh 2024-25 প্রস্তুতের জন্য ২০২৪-২৫ অর্থ বছরের খাত ও প্রজাতি ভিত্তিক মৎস্য উৎপাদন সংক্রান্ত তথ্য সংগ্রহ চলমান রয়েছে। এ প্রেক্ষিতে অভ্যন্তরীণ মুক্ত ও বদ্ধ জলাশয় এবং সামুদ্রিক জলাশয়ের খাত ও প্রজাতিভিত্তিক মৎস্য উৎপাদন সংক্রান্ত তথ্য প্রয়োজন। এছাড়া শুটকি মাছ, সরকারি ও বেসরকারি হ্যাচারির রেনু ও পোনা উৎপাদন, চিংড়ির পিএল উৎপাদন এবং প্রাকৃতিক ও চাষকৃত মাছের প্রজাতি ভিত্তিক মূল্য প্রয়োজন।

এমতাবস্থায় অভ্যন্তরীণ মুক্ত ও বদ্ধ জলাশয় এবং সামুদ্রিক জলাশয়ের খাত ও প্রজাতিভিত্তিক মৎস্য উৎপাদন সংক্রান্ত তথ্য সংযুক্ত ছক মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে হার্ড কপি এবং ই-মেইল এ (ddfrs@fisheries.gov.bd) সফট কপি আগামী ১৫/০৭/২০২৫খ্রি: তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য জেলার অধীনস্থ প্রতিটি উপজেলার তথ্য সংগ্রহপূর্বক একসাথে (হার্ড কপির ক্ষেত্রে এক প্যাকেটে, সফট কপির ক্ষেত্রে একটি ফোল্ডারে) জেলা থেকে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উপজেলা থেকে সরাসরি প্রেরিত তথ্য গ্রহণযোগ্য হবে না।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

০৩-০৭-২০২৫
এস. এম. মনিরুজ্জামান
উপপরিচালক

পরিচালক, মৎস্য অধিদপ্তর (সকল বিভাগ)।

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.০০০.১২৫.০৬.০০২০.২১.২০/১ (৭)

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর।
- ২। পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য) (চলতি দায়িত্ব), পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য) এর দপ্তর, মৎস্য অধিদপ্তর।
- ৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও জরিপ) (চলতি দায়িত্ব), প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও জরিপ) এর দপ্তর, মৎস্য অধিদপ্তর।
- ৪। জেলা মৎস্য কর্মকর্তা (সকল)।
- ৫। প্রোগ্রামার, ই-সার্ভিস এন্ড ইনোভেশন শাখা, মৎস্য অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৬। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), (সঠিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ

নিশ্চিত করার অনুরোধসহ)।

৭। স্টাফ অফিসার (সহকারী পরিচালক), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।।



A handwritten signature in blue ink, enclosed in a light blue oval, located on the right side of the page.

০৮-০৭-২০২৫

শবনম মোস্তারী

সিনিয়র সহকারী পরিচালক